

## দুটি প্রাচীন প্রেমের কবিতা

॥ এক ॥

সে - হৃদয় দীপ হোক  
 সে সমুদ্র ভালোবাসা হয়  
 হৃদয়ের কাছে ঘিরে থাক...  
 আমার নাবিক মন  
 যৌবন ইচ্ছার মতো ঘুরে  
 সেই দীপ যেন খুঁজে পাক  
 তারপর সন্ধা হলে  
 সাগর - আকাশ-দীপ ঘিরে  
 নামে যদি সূর্য-শেষ রঙ  
 তোমার মুখের দিকে  
 চেয়ে চেয়ে নিভে যেতে পারি,  
 কোনো ক্ষোভ রাখবেনা মন!

॥ দুই ॥

তোমার নীল চোখ ঘিরে আসুক কাজল মেঘ  
 ঢল নামুক আবাত্ - শ্রাবণ আবোর - ঝরন ধারায়।  
 এখন তুমি কাঁদো, কেবল কাঁদো--  
 কান্না তোমার রূপের পাথর শানায় !  
 বুকের ভিতর শেল - বেঁধানো জুলা  
 --এখন তোমায় কাঁদলেই খুব মানায় !  
 আমার কথা থাকুক না- হয় তোলা  
 আমার ঘরের জানলা কপাট খোলা  
 ঝড়কে নিয়ে নামুক তোমার ঢল !  
 ভিজুক না গা, গেরস্থালির যাক ভেসে সব  
 প্রবল জলের দাপে  
 ঝড়কে ডেকে সমাদরে বসাবো কিংখাপে  
 ঝড়ের সঙ্গে ঝড়ের কথাই চলবে অনগ্রল !...

অমলেন্দু দত্ত

